

স্মারক নং-০৫.৩০.৫৬৪৬.০০১.৩৮.০০১.২০২৫- ২২

তারিখঃ ২১ পৌষ ১৪৩২  
০৫ জানুয়ারি ২০২৬

“ইজারা বিজ্ঞপ্তি”

এতদ্বারা এলাকার অগ্রহী জনসাধারণ ও প্রকৃত নিবন্ধিত মৎস্যজীবী সমবায় সমিতি/মৎস্যজীবী সংগঠনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মানিকগঞ্জ সদর উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির ব্যবস্থাপনামাধীন ২০ একর পর্যন্ত বন্ধ জলমহাল/পুকুরসমূহ সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর আলোকে বাংলা ১৪৩৩ হতে বাংলা ১৪৩৫ সন পর্যন্ত সময়ের জন্য ইজারা ব্যবস্থাপনা নির্ধারিত বর্ষ পঞ্জিকায় (Calendar Year) নিষ্পন্ন করার লক্ষ্যে নিম্ন বর্ণিত শর্তধীনে আবেদন আহ্বান করা যাচ্ছে।

সময়সূচি

অনলাইন আবেদন দাখিল	অনলাইন দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূল কপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল
০১ মাঘ ১৪৩২ থেকে ১৫ মাঘ ১৪৩২ পর্যন্ত ১৫ জানুয়ারি ২০২৬ থেকে ২৯ জানুয়ারি ২০২৬ পর্যন্ত	১৮ মাঘ ১৪৩২ থেকে ২০ মাঘ ১৪৩২ পর্যন্ত ০১ ফেব্রুয়ারি ২০২৬ থেকে ০৩ ফেব্রুয়ারি ২০২৬ পর্যন্ত (অফিস চলাকালীন সময়ে)

বাংলা ১৪৩৩-১৪৩৫ বঙ্গাব্দ মেয়াদে ইজারা যোগ্য জলমহালের তফসিল ও ইজারা মূল্য:

ক্রমিক নং	পৌর/ ইউনিয়নের নাম	পুকুরের নাম	মোজার নাম	খতিয়ান	দাগ নং (আর,এস)	শ্রেণী	পরিমাণ (একরে)	সরকারি ইজারা মূল্য	মন্তব্য
০১	পৌরসভা	থানা পুকুর	বনগ্রামচক	০১	৬৪	পুকুর	০.৪৪	২৫,২০০/-	
০২	পৌরসভা	বাজার পুকুর	দাশড়া	০১	৪২৭৪	পুকুর	০.৬৪	৩,১৫০/-	
০৩	পৌরসভা	সওজ এর মসজিদ সংলগ্ন পুকুর	বনগ্রামচক	০১	৫১	পুকুর	০.৫০	৪৮,৩০০/-	
০৪	দিঘী	ডাউটিয়া পুকুর	বড় ডাউটিয়া	০১	৯৪১	পুকুর	০.২২	৩,১৫০/-	
০৫	আচ্ছিমাম	মালুটিয়া পুকুর	মালুটিয়া	০১	১৭৩৫	পুকুর	০.৩০	৬,৩০০/-	
০৬	আচ্ছিমাম	মির্জানগর পুকুর	মির্জাপুর	০১	৬৯৪	পুকুর	০.১৯	৩,১৫০/-	
০৭	পুটাইল	মাস্তা পুকুর	মাস্তা	০১	১৫৮২ ১৫৮৩ ১২৯৫	পুকুর পুকুর পুকুর	০.৫৪ ০.১৫ ১.৮৭	১৬,৮০০/-	
০৮	পুটাইল	বড় যোস্তা পুকুর	বড় যোস্তা	০১	৩৭৩১	পুকুর	০.৮০	২২,০৫৩/-	
০৯	পৌরসভা	অফিসার্স কোয়ার্টার সংলগ্ন পুকুর	দাশড়া	১	৩৫২	নাল	১.৩৩	১,৫০,০০০/-	
			পশ্চিম বান্দুটিয়া	১	১১৭৪	নাল	০.২০		
				১	১১৭৮	নাল	০.২৫		

শর্ত সমূহঃ-

- সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী বন্ধ জলমহাল/পুকুর ইজারা গ্রহণে অগ্রহী নিবন্ধিত ও প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি উক্ত নীতিতে বর্ণিত প্রয়োজনীয় তথ্য ও দলিলাদিসহ নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে ইজারার জন্য আবেদন দাখিল করতে পারবে।
- অনলাইনে আবেদন দাখিল সংক্রান্ত নির্দেশিকা অনুযায়ী নিবন্ধিত মৎস্যজীবী সমবায় সমিতির সভাপতি/সম্পাদককে মন্ত্রণালয়ের ওয়েবসাইটে অথবা [jm.lams.gov.bd](http://jm.lams.gov.bd) লিংকে রেজিস্ট্রেশন সম্পন্ন করে অনলাইনে আবেদন দাখিল করতে হবে।
- অনলাইনে আবেদন দাখিলের শেষ সময়সীমার পরবর্তী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে আবেদনের সকল তথ্যাদি প্রিন্টিং কপি সহ জলমহাল ইজারার জন্য জামানত বাবদ জলমহাল ইজারা মূল্যের ২০% উপজেলা নির্বাহী অফিসার, মানিকগঞ্জ সদর, মানিকগঞ্জ এর অনুকূলে ব্যাংক

- ড্রাফট/পে- অর্ডারের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসার/ সহকারী কমিশনার (ভূমি), মানিকগঞ্জ সদর, মানিকগঞ্জ-এর কার্যালয়ে দাখিল করতে হবে।
- (ঘ) আবেদনসমূহ যাচাই বাছাইয়ের পর উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় আবেদনের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হবে।
- (ঙ) ইজারা গ্রহীতাকে ইজারা মূল্যের উপর সরকারি ধার্যকৃত ১৫% ড্যাট ও ১০% আয়কর এককালীন পরিশোধ করতে হবে।
- (চ) জলমহাল ইজারা সংক্রান্ত বিজ্ঞপ্তি [www.acl.manikganisadar.manikgani.gov.bd](http://www.acl.manikganisadar.manikgani.gov.bd) ওয়েব সাইটে পাওয়া যাবে। এছাড়া অনলাইনে আবেদন করতে যে সকল কাগজপত্রের প্রয়োজন হবে তার বিস্তারিত তথ্য উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উপজেলা ভূমি অফিস, সংশ্লিষ্ট ইউনিয়ন ভূমি অফিসের নোটিশ বোর্ডে পাওয়া যাবে।
- (ছ) জলমহাল ইজারা পাওয়ার জন্য অনলাইনে আবেদন দাখিলের সকল শর্তাদি উপজেলা নির্বাহী অফিসার/ সহকারী কমিশনার (ভূমি), মানিকগঞ্জ সদর, মানিকগঞ্জ এর কার্যালয়ের নোটিশ বোর্ডে পাওয়া যাবে।
- (জ) ইজারাকৃত জলমহাল/পুকুর বাংলা ১৪৩৫ সালের ৩০ শে চৈত্র পর্যন্ত ইজারা বলবৎ থাকবে। ইজারাকৃত জলমহাল/পুকুর কোন ক্ষতি সাধন করা যাবে না, সাব লীজ দেওয়া যাবে না, জলমহাল/পুকুরের শ্রেণী পরিবর্তন করা যাবে না এবং মৎস্য চাষ ছাড়া অন্য কাজে এই জলমহাল/পুকুর ব্যবহার করা যাবে না। শর্তবলী ভঙ্গ বা অন্য যে কোন কারণে কর্তৃপক্ষ ইজারা গ্রহণ/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করবেন।




(মৌসুমী নাসরিন)  
উপজেলা নির্বাহী অফিসার  
মানিকগঞ্জ সদর, মানিকগঞ্জ  
ও  
সভাপতি  
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি  
মানিকগঞ্জ সদর, মানিকগঞ্জ

স্মারক নং-০৫/৩০.৫৬৪৬.০০১.৩৮.০০১.২০২৫- ২২ (৩৫)

তারিখঃ ২১ পৌষ ১৪৩২  
০৫ জানুয়ারি ২০২৬

- অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরিত হলো :-
- ১। জেলা প্রশাসক, মানিকগঞ্জ।
  - ২। অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব), মানিকগঞ্জ।
  - ৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা, মানিকগঞ্জ সদর থানা, মানিকগঞ্জ।

- অবগতি ও কার্যার্থে প্রেরিত হলো :-
- ৪। উপজেলা প্রকৌশলী, মানিকগঞ্জ সদর ও সদস্য উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি।
  - ৫। উপজেলা মৎস্য কর্মকর্তা, মানিকগঞ্জ সদর।
  - ৬। চেয়ারম্যান, ----- ইউনিয়ন পরিষদ, মানিকগঞ্জ সদর।
  - ৭। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ----- ইউনিয়ন ভূমি অফিস, মানিকগঞ্জ সদর। তাকে টোল সহরত সহ বহুল প্রচারের জন্য বলা হলো।
  - ৮। নোটিশ বোর্ড।
  - ৯। অফিস কপি।



(রিন্ধা খাতুন)  
সহকারী কমিশনার (ভূমি)

ও  
সদস্য সচিব  
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি  
মানিকগঞ্জ সদর, মানিকগঞ্জ